# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা পেয়াজ ও রসূনের যে হুকুম বর্ণনা করলাম, তাতে পলাণ্ডুও অন্তর্ভুক্ত মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ حُكْمَ أَكْلِ الْكُرَّاثِ حُكْمُ أكل الثوم والبصل فيما وصفناه

আরবী

2083 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتُوَائِيُّ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: كُنَّا لَا نَأْكُلُ الْبَصَلَ وَالْكُرَّاثَ فَغَلَبَتْنَا الْحَاجَةُ فَأَكَلْنَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (من أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ الْمُنْتِنَةِ فَلَا يَقْرَبَنَّ مَسْجِدَنَا فَإِنَّ الْمَلَائِكَةَ تَتَأَذَّى مِمَّا يَتَأَذَّى بِهِ الناس)

الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2083 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 334)

বাংলা

২০৮৩. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা পেয়াজ ও পলাণ্ডু খেতাম না। তারপর আমরা অভাবে তা খেয়েছি। তখন রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে ব্যক্তি এই দুর্গন্ধযুক্ত উদ্ভিদ হতে কোন কিছু খায়, সে যেন আমাদের মাসজিদের নিকটবর্তী না হয়। কেননা মানুষ যাতে কষ্ট পায়, ফেরেস্তারাও তাতে কষ্ট পায়।”[1]

ফুটনোট

[1] হুমাইদী: ১২৭৮; সহীহ মুসলিম: ৫৬৪; সুনান বাইহাকী: ৩/৭৬; আবূ ইয়ালা: ২২২৬; মুসনাদ আহমাদ: ৩/৩৮৭; ইবনু মাজাহ: ৩৩৬৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/২৪০; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৬৮; তাবারানী আস সাগীর: ৩৭; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ২/১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/৩৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন